# কতকাল যে সংগীতহারা

নীরেন্দ্রনাথ চক্রবর্তী

Gesanglos war ich und beklommen

কতকাল যে সংগীতহারা হয়ে ছিলুম। কতকাল যে যন্ত্রণায় জ্বলতে হয়েছে। তারপর এখন আবার আমি লিখছি। হঠাৎ আমাদের চোখে যেমন জল এসে যায়, গানও ঠিক তেমনি করেই আসে।

আবার আমি বিপুল ভালবাসার এবং বিপুলতর যন্ত্রণার গান শোনাতে পারব। সেইসব হৃদয়ের গান, যারা মিলেমিশে ঠিকমতো চলতে পারে না, আবার পরস্পর থেকে বিচ্ছিন্ন হলেই যারা ভেঙে যায়।

কখনও-কখনও মনে হয় যেন জার্মান ওকগাছের সারি আমার মাথার উপরে তাদের ডালপালা দোলাচ্ছে। এমন কী, আবার কোথাও মিলিত হবার কথাও যেন তাদের মৃদু মর্মরের মধ্যে শুনতে পাই। কিন্তু এ-সব তো আর কিছুই নয়, নেহাত স্বপ্ন। একটু বাদেই স্বপ্নগুলি মিলিয়ে যায়।

তখনও-কখনও এমনও মনে হয় যেন সেই কবেকার জার্মান নাইটিঙ্গেলের গান শুনছি। মৃদু সুরতরঙ্গ আমাকে জড়িয়ে ধরে। কিন্তু সেও স্বপ্নই, একটু বাদেই যা ভেঙে যায়।

কোথায় সেইসব গোলাপ, যাদের ভালবাসা একদিন আমাকে আনন্দ দিয়েছিল? কবেই তারা মিলিয়ে গেছে। শুধু তাদের অশরীরী বিষণ্ণ সৌরভ আজও আমার চিত্তে এসে হানা দেয়।

---

অনুবাদ কবিতাটি ভারত-গণতান্ত্রিক জার্মানি মৈত্রী সমিতি থেকে প্রকাশিত ও চিত্তরঞ্জন ঘোষ সম্পাদিত ‘‘হাইনের কবিতা’’ গ্রন্থ থেকে সংগৃহীত।

**নীরেন্দ্রনাথ চক্রবর্তী** : (১৯ অক্টোবর ১৯২৪ - ২৫ ডিসেম্বর ২০১৮) বাংলার অন্যতম প্রধান কবি ও ‘আনন্দমেলা’ পত্রিকার প্রথম সম্পাদক।